# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV | DECEMBER 2022 | No. 10


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

লূক ১: ২৬-৩৩

২৬। ষষ্ঠ মাসে, ঈশ্বর তাঁর দুত গাব্রিয়েলকে গালীল প্রদেশের নাসরৎ নগরে এক কুমারীর কাছে প্রেরণ করলেন।

২৭। তিনি দাউদ বংশের যোষেফ নামে এক ব্যক্তির সঙ্গে বাগদত্তা হয়েছিলেন। সেই কুমারী কন্যার নাম ছিল মরিয়ম।

২৮। দূত তাঁর কাছে গিয়ে বললেন, "মহান অনুগ্রহের অধিকারিণী, তোমাকে অভিনন্দন! প্রভু তোমার সঙ্গে আছেন।"

২৯। তাঁর কথা শুনে মরিয়ম অত্যন্ত বিচলিত হলেন এবং অবাক হয়ে ভাবলেন, এ কী ধরণের অভিবাদন হতে পারে!

৩০। কিন্তু দূত তাঁকে বললেন, "মরিয়ম ভয় পেয়ো না। তুমি ঈশ্বরের অনুগ্রহ লাভ করেছ।

৩১। তুমি অন্তঃসত্ত্বা হয়ে এক পুত্রের জন্ম দেবে, আর তুমি তার নাম যীশু রাখবে।

৩২। তিনি মহান হবেন ও পরাৎপরের পুত্র নামে আখ্যাত হবেন। প্রভু ঈশ্বর তাঁর পিতা দাউদের সিংহাসন তাঁকে দেবেন।

৩৩। এবং তিনি যাকোব বংশে চিরকাল রাজত্ব করবেন। তাঁর রাজত্বের অবসান কখনও হবে না।"



## বড়দিনের আশীর্ব্বাদগুলি

পাস্টর কে. আর. রাজশেখরন

পৃথিবীর অধিকাংশ মানুষ প্রথম বড়দিন হারিয়ে ছিল। তারা এই বিষয়ে উদাসীন ছিল। তারা জানতো না এটি ঘটবে। তারা এর তাৎপর্য জানতো না। প্রথম বড়দিনের সঙ্গে অল্প কয়েক জন যুক্ত ছিলেন। এখন ২০০০ বছর পর, সারা পৃথিবী জানে বড়দিন কী। সারা পৃথিবীর কোটি কোটি মানুষ উপাসনা সভায় যোগদান করতে যাবে এবং যীশুর জন্ম উদযাপন করবে। মরিয়ম, যোষেফ, রাখালেরা এবং পণ্ডিতদের মতো কতিপয় লোক প্রথম বড়দিনের বিষয় জানতেন। কী বিষয় তাদেরকে এতো বিশিষ্ট করেছিল যার জন্য তারা এই প্রথম বড়দিনে অংশ গ্রহণ করার সুযোগ পেয়েছিলেন? যাদের তিনি আশীবর্বাদ করবেন তাদেরকে ঈশ্বর কীভাবে বেছে নেন? ঈশ্বর কাদের মনোনীত করেন এবং ব্যবহার করেন সেই বিষয়ে আমি এক সেকেণ্ড চিন্তা করতে চাই।

সত্য ঘটনাটি হলো, মরিয়ম এবং যোষেফ, রাখালেরা, এবং পণ্ডিতেরা যা করেছিলেন, আপনি যদি সেই বিষয়গুলি করেন তাহলে ঈশ্বর আপনাকে আশীবর্বাদ করবেন, আপনি যদি এখন তা করেন, তাহলে আপনার কাছেও এই বড়দিনটি আশীর্ববাদযুক্ত হবে। **আপনি যখন এই বিষয়টি লক্ষ্য করবেন, তখন আপনি বুঝতে পারবেন, যোষেফ সহযোগিতা করেছিলেন, রাখালেরা উদ্‌যাপন করেছিলেন, মরিয়ম চিন্তা করেছিলেন এবং পণ্ডিতেরা পবিত্র করেছিলেন। আসুন আমরা একটা একটা করে বিষয়টির উপর ধ্যান করি।**

### ১। যোষেফ ঈশ্বরের পরিকল্পনার সঙ্গে সহযোগিতা করেছিলেন!



**যীশু খ্রীষ্টের জন্ম এই ভাবে হয়েছিল। তাঁর মা মরিয়ম যোষেফের সঙ্গে বিবাহের জন্য বাগদত্তা হলে, তাঁদের সহবাসের পূর্বে জানা গেল, তিনি পবিত্র আত্মার মাধ্যমে অন্তঃসত্ত্বা হয়েছেন। যেহেতু তাঁর স্বামী যোষেফ একজন ধার্মিক ব্যক্তি ছিলেন এবং প্রকাশ্যে তাঁকে কলঙ্কের পাত্র করতে না-চাওয়াতে, তিনি গোপনে বাগদান ভেঙে দেওয়া স্থির করলেন। কিন্তু একথা বিবেচনার পরে, স্বপ্নে প্রভুর এক দূত তাঁর কাছে আবির্ভূত হয়ে বললেন, "দাউদ-সন্তান যোষেফ, তোমার স্ত্রীরূপে মরিয়মকে ঘরে নিতে ভয় পেয়ো না, কারণ তাঁর গর্ভধারণ পবিত্র আত্মা থেকে হয়েছে। তিনি এক পুত্রের জন্ম দেবেন ও তুমি তাঁর নাম যীশু রাখবে, কারণ তিনিই তাঁর প্রজাদের তাদের সব পাপ থেকে পরিত্রাণ দেবেন।**

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"আজ তোমরা যে মিশরীয়দের দেখছ, তাদের আর কখনও দেখতে পাবে না।" যাত্রা ১৪: ১৩**

যীশু খ্রীষ্টে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের পিতা ঈশ্বরের থেকে অনুগ্রহ এবং শান্তি আপনাদের সহবর্তী হোক । আমাদের সদাপ্রভু ঈশ্বর যিনি ২০২২ সালে আমাদের আশীর্ব্বাদ করেছেন তিনি ২০২৩ সালের নববর্ষেও আপনার সঙ্গে থাকবেন।

আশা করি ঈশ্বরের অনুগ্রহে আপনারা ভালো আছেন। আমরা আমাদের অবিরত প্রার্থনায় এবং বিনতিতে আপনাদের তুলে ধরছি। আগামী দিনগুলিতে ঈশ্বর নিশ্চিতভাবে আপনার জীবনে মহান কার্যগুলি করবেন। আর একটি অলৌকিক কাজের জন্য তাঁকে বিশ্বাস করুন! ভারতের এবং আমাদের প্রতিবেশী দেশগুলির সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছানোর কাজে আমরা অত্যন্ত ব্যস্ত আছি। ইতিমধ্যে প্রচুর শস্য সংগ্রহের জন্য আমরা আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের প্রস্তুত করছি। তারা আনন্দের সঙ্গে অধ্যয়ন করছে এবং ক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণ করছে। বাইবেল কলেজের উদ্যোগগুলির বিষয়ে প্রার্থনা এবং সাহায্য করার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই। অনুগ্রহ করে এইভাবে আমাদের সাহায্য অব্যাহত রাখুন।



আমাদের আবাসিক হিন্দি শিক্ষার্থীগণ

দক্ষিণ ভারতে আমার সাম্প্রতিক পরিদর্শকালে আমরা পরিচর্যা কাজে আমাদের কিছু সংখ্যক সহকর্মীদের সঙ্গে আমাদের সম্পর্ককে শক্তিশালী করতে সক্ষম হয়েছি।

আমরা তাদেরকে কিছু সুসমাচার ট্রাকটস্ এবং পুস্তিকা তাদের এলাকায় বিনামূল্যে বিতরণ করার জন্য দিতে সক্ষম হয়েছি। আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি সুসমাচার প্রেস

এবং সুসমাচার সাহিত্যের কর্মীদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই। প্রতিদিন আমরা অনেক সাড়া পাচ্ছি।



পাস্টর যাকোব জেয়াকুমার,ভিল্লুপুরম শহরে আমাদের ট্রাকট্ ডিস্ট্রিবিটার



ব্রাদার শলোমন মনোহরণ, ব্যবসায়ী, ৯৯ কে.এম. কফি ম্যাজিক, এবং গ্রামীন পাস্টর, মুল্লাইভান, আমাদের বাইবেল-কোর; ডাকযোগে বাইবেল পাঠক্রম গ্রাজুয়েট, চেয়ুর



পাস্টর জেবা দানিয়েল, ভ্যাল্লিউর শহর



পাস্টর স্টি ফেন কার্ত্তিক বিরুধুনাগার শহর


Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development



সিস্টার অ্যাঞ্জেলীনা সেলভাকুমারী



পাস্টার সানি প্রসাদ



রেভারেণ্ড ডঃ. আনন্দবাবু

আমরা বিভিন্ন জায়গায় যুবক যুবতীদের জন্য বিশেষ সেমিনারের আয়োজন করেছিলাম। ঈশ্বর আমাদের সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী, রেভা.ডঃ. সানি প্রসাদ, রেভা. ডঃ. আনান্দবাবুকে ব্যাবহার করেছিলেন।

প্রিয় বন্ধুগণ, ঈশ্বরের পরিচর্যা করা সহজ কাজ নয়। আমাদেরকে কর্মীদের পরিবারের অসুস্থতা, দিয়াবলের সরাসরি আক্রমণ, রাজনৈতিক শক্তি, খ্রীষ্ট বিরোধী বিভিন্ন বিষয়গুলি, আর্থিক সঙ্কটের মতো ব্যাখ্যাতীত এবং অপরিচিত মন্দ শক্তিগুলির বিরুদ্ধে যুদ্ধ করতে হয়। বাস্তবিক আমরা কঠিন পরিস্থিতিগুলির মধ্যে সংগ্রাম করছি। কেবল আমি নই, ঈশ্বরের সমস্ত প্রকৃত পরিচারকদের একই নৌকায় যাত্রা করতে হচ্ছে। আপনার মতো লোকেরা যদি প্রার্থনায় এবং সাহায্যে আমাদের তুলে ধরতে এগিয়ে না আসেন, তাহলে পতিত আত্মাদের কাছে পৌঁছানোর জন্য অগ্রসর হওয়া আমাদের পক্ষে কঠিন হবে।

সুতরাং, নিম্নলিখিত কারণে অনুগ্রহ করে সামনে এগিয়ে আসুন:

১) আমাদের জন্য, ঈশ্বরের সমস্ত পরিচর্যাকারীদের জন্য, সমস্ত খ্রীষ্টিয় সম্প্রদায় নির্বিশেষে ভারতের এবং পার্শ্ববর্তী দেশগুলির সমস্ত মণ্ডলীর জন্য আপনার প্রার্থনার সময় বৃদ্ধি করুন।

২) আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাস্টর, সুসমাচার প্রচারক, বাদ্যকার হিসাবে কাজ করুন, আমাদের সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষক হিসাবে কাজ করুন, আমাদের নহিমিয় বাইবেল কলেজের লেকচারার, প্রশাসনিক কর্মী, সুপারভাইজার, প্রযুক্তি সংক্রান্ত কর্মী হিসাবে কাজ করুন।

৩) ঈশ্বর আপনাকে যেভাবে পরিচালিত করবেন সেইভাবে আমাদের কর্মীদের প্রাথমিক প্রয়োজনগুলির জন্য, ছাপার কাগজের জন্য, ছাপার কালির জন্য, ডাক খরচের জন্য, ঘরভাড়ার জন্য, তত্বাবধান করার খরচের জন্য আপনার আর্থিক অনুদান বৃদ্ধি করুন, কারণ উপরোক্ত সমস্ত খরচ অনেক বৃদ্ধি পাচ্ছে।

## এলাকা ভিত্তিক সভাগুলি

কোভিড ১৯ এর পর রবিবারের উপাসনা সভায় চার্চে কম উপস্থিতির বিষয়টিকে জয় করার জন্য, প্রত্যেক শুক্রবার সন্ধ্যা ৬টা থেকে ৭.৩০ মিনিট পর্যন্ত আমরা এলাকার সদস্যদের সভাগুলির আয়োজন করছি। আমরা তাদের সঙ্গে মিলিত হচ্ছি এবং আমাদের এলাকগুলির নেতাদের সাহায্যে আমরা ব্যক্তিগতভাবে তাদের সঙ্গে সাক্ষাৎ করছি এবং তাদের জন্য প্রার্থনা করছি। আমরা পরিবারগতভাবে তাদের আমন্ত্রণ জানাচ্ছি এবং তাদের সমস্যাগুলি সহভাগিতা করতে দিচ্ছি এবং তাদেরকে উৎসাহিত করছি। এই উদ্যোগ দারুণভাবে সফল হয়েছে কারণ আমাদের চার্চের সদস্যদের উপস্থিতি বৃদ্ধি পাচ্ছে। আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র নামের প্রশংসা হোক।

ঈশ্বরের অনুগ্রহের দ্বারা, আমরা বিগত বছরগুলিতে কোভিড ১৯ দ্বারা প্রভাবিত দরিদ্র লোকদের জাতি, বর্ণ, ধর্ম নির্বিশেষে কিছু সাহায্য করতে সক্ষম হয়েছিলাম। এমনকী এখনও কোভিড-১৯ পরবর্তীকালে সাধারণ মানুষ এর মন্দ প্রভাবে এবং অন্যান্য রোগে ভুগছে। আমাদের এই দরিদ্র এবং নিপীড়িত লোকদের চিকিৎসাগত এবং শিক্ষাগত সাহায্যের জন্য



কিছু তহবিলের প্রয়োজন। আমরা আপনার মতো কিছু লোকদের তোলার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করি যারা এই ধরণের প্রয়োজনগুলির জন্য হাত বাড়িয়ে দেবেন। প্রভু যদি আপনাকে এই সাধারণ প্রয়োজনে অংশ গ্রহণ করার জন্য আপনার মনে কথা বলেন তাহলে আপনি আপনার চেক/ ডিমাণ্ড ড্রাফট এই উদ্দেশ্যে ইকো অফ হিজ কল্ এডুকেশনাল ট্রাস্টের নামে পাঠাতে পারেন। (আমরা আপনাকে ভারতীয় অনুদানকারীদের উদ্দেশে আয়কর আইনের ৮০জি ধারা অনুসারে করমুক্ত রিসিট দেব)। ইকো অফ হিজ কল এডুকেশনাল ট্রাস্ট হচ্ছে একটি সরকার অনুমোদিত জনকল্যাণ মূলক সংস্থা।

আমরা আপনার জন্য এবং আপনার প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করি। ঈশ্বর আপনাকে আরও অধিক আশীর্বাদ করুন এবং ২০২৩ সালের নববর্ষে নতুন শক্তি, ক্ষমতা, সুবিবেচনা এবং দীর্ঘায়ু সহ সামনে পদক্ষেপ ফেলতে সক্ষম করুন।

**"সদাপ্রভু তোমাদের আশীর্বাদ করুন ও তোমাদের রক্ষা করুন; সদাপ্রভু তোমাদের প্রতি প্রসন্ন-মুখ হোন ও তোমাদের প্রতি সদয় হোন; সদাপ্রভু তোমাদের প্রতি তার মুখ ফেরান ও তোমাদের শান্তি দিন"** (গণনা ৬:২৪-২৬)।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ, ১ পাতার পর)*

**এই সমস্ত ঘটনা ঘটল, যেন ভাববাদীর মুখ দিয়ে প্রভু যা বলেছিলেন, তা পূর্ণ হয়: "সেই কুমারী-কন্যা গর্ভবতী হবে এবং এক পুত্র সন্তানের জন্ম দেবে, আর তারা তাঁকে ডাকবে ইম্মানুয়েল" নামে, যার অর্থ "ঈশ্বর আমাদের সঙ্গে আছেন।" প্রভুর দূত যেমন আদেশ দিয়েছিলেন, ঘুম থেকে উঠে যোষেফ সেইমতো মরিয়মকে ঘরে তাঁর স্ত্রীরূপে গ্রহণ করলেন"** (মথি ১:১৮-২৪)।

আসুন আমরা যোষেফের বিষয়টি নিয়ে শুরু করি। বড়দিনের গল্পে যোষেফ সব থেকে অবমূল্যায়ন হওয়া চরিত্র যাকে আমরা উপেক্ষা করি। তিনি হচ্ছেন জাতপাত সমর্থনকারী ধরণের ব্যক্তি। তাঁর বিষয়ে আমরা খুব বেশী একটা জানি না। কিন্তু তিনি ছিলেন একজন স্বাভাবিক ব্যক্তি, তিনি ছিলেন যুবক এবং দরিদ্র। তাঁর টাকা ছিল না,সম্ভবতঃ একটি ক্ষুদ্র গ্রামে তাঁর একটি সর্বনিম্ন কাজ ছিল। তাঁর বাগদত্তা হওয়া ছাড়া আমরা সকলে তাঁর সম্পর্কে এইটুকুই জানি। মরিয়ম যোষেফের বাগদত্তা হওয়ার পর তিনি জানতে পেরেছিলেন যে তিনি পবিত্র আত্মার দ্বারা গর্ভবতী হয়েছেন।

বন্ধুগণ, এটা যদি আপনার ক্ষেত্রে ঘটতো তাহলে আপনি কি বিশ্বাস করতেন? এটাই সর্ব সময়ের জন্য প্রদত্ত সব থেকে অস্বাভাবিক, সব থেকে জঘন্য যুক্তিহীন গল্প। কিন্তু এটি সত্য। এখন, যোষেফের কাছে এটি হচ্ছে একটি পরীক্ষা।

আর বাইবেলে বলা হয়েছে যে যোষেফ ছিলেন একজন ধার্মিক ব্যক্তি এবং তিনি তাঁর স্ত্রীকে বিব্রত

করতে চাননি। তিনি গল্পটি বিশ্বাস করেননি, কিন্তু এখানে বাইবেলে এটাই বলা হয়েছে। এক অধ্যায়ে, আমরা পাঠ করি যোষেফ ছিলেন একজন ভালো মানুষ এবং তিনি লোকদের সামনে মরিয়মকে অপমানিত করতে চাননি, সুতরাং তিনি গোপনে তাঁকে ছেড়ে দিতে চেয়েছিলেন। **"যেহেতু তাঁর স্বামী যোষেফ একজন ধার্মিক ব্যক্তি ছিলেন এবং প্রকাশ্যে তাঁকে কলঙ্কের পাত্র করতে না চাওয়াতে, তিনি গোপনে বাগদান ভেঙে দেওয়া স্থির করলেন"** (মথি ১:১৯)। ঐ দিনগুলোতে বাগদান ছিল বিবাহের সমতুল্য। এটি একটি বন্ধনের চুক্তি। আপনি ইচ্ছা করলেই বিবাহ ভেঙ্গে দিতে পারেন না। আপনাকে বাগদান ভাঙ্গতে হলে বিবাহবিচ্ছেদ করতে হতো। সুতরাং তিনি গোপনে বিবাহ বিচ্ছেদের পরিকল্পনা করেছিলেন। কিন্তু স্বপ্নে তাঁর কাছে এক দূত এসেছিলেন। আর ঘুম থেকে উঠে তাকে সদাপ্রভুর দূত যেমন আদেশ দিয়েছিলেন তিনি ঠিক তাই করেছিলেন। আর তিনি মরিয়মকে তাঁর স্ত্রীরূপে তাঁর ঘরে এনেছিলেন। **"প্রভুর দূত যেমন আদেশ দিয়েছিলেন, ঘুম থেকে উঠে যোষেফ সেইমতো মরিয়মকে ঘরে তাঁর স্ত্রীরূপে গ্রহণ করলেন"** (মথি ১:২৪)। এই সব থেকে অধিক অসম্ভব, অস্বাভাবিক গল্পটি বিশ্বাস করার জন্য মহাবিশ্বাসের প্রয়োজন ছিল এবং তাঁর জীবনের জন্য ঈশ্বরের যে অকল্পনীয় বৃহত্তর এবং অধিক উত্তম পবিকল্পনা ছিল তার জন্য তিনি ঈশ্বরের উপর আস্থা রেখেছিলেন।

এখানে আমাদের প্রথম বিষয়টি দেখতে হবে: আপনি যদি ঈশ্বর কর্তৃক আশীর্বাদ লাভ করতে চান, আপনি যদি আপনার ব্যবসায়, বিবাহে, সম্পর্কগুলিতে, বন্ধুত্বের ক্ষেত্রে, আর্থিক বিষয়গুলিতে ঈশ্বরের আশীর্বাদ লাভ করতে চান, আপনাকে অবশ্যই যোষেফ যা করেছিলেন তাই করতে হবে এবং আপনার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনার সঙ্গে সহযোগিতা করতে হবে। এটি ছিল যোষেফের জীবনে সার্বিকভাবে ঘুরে যাওয়া। মরিয়মকে নিয়ে তাঁর জীবনের অনেক পরিকল্পনা ছিল। কিন্তু ঈশ্বরের পরিকল্পনা বৃহত্তর এবং অপেক্ষাকৃত অধিক উত্তম। আপনি আপনার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনার সঙ্গে সহযোগিতা করুন, এমনকি এটি আপনার কাছে অর্থহীন মনে হলেও। পরে এটি আপনার কাছে অর্থবহ হয়ে উঠবে।

প্রিয় বন্ধু, ঈশ্বরের বৃহত্তর পরিকল্পনা আছে। বাইবেলে বলা হয়েছে, **"কারণ তোমাদের জন্য কৃত পরিকল্পনার কথা আমি জানি," সদাপ্রভু এই কথা বলেন। 'তা হল তোমাদের সমৃদ্ধির পরিকল্পনা, তোমাদের ক্ষতি করার নয়, তোমাদের এক আশা ও ভবিষ্যৎ মঙ্গলদানের পরিকল্পনা' "** (যিরমিয় ২৯:১১)। ঈশ্বর বলছেন আমি জানি আমি কী করছি। সমস্ত কিছু আমার পরিকল্পনা অনুসারে হচ্ছে। তোমার তত্ত্বাবধানের জন্য উত্তম পরিকল্পনা, তোমাকে আঘাত করার জন্য নয়। ঈশ্বর হচ্ছেন উত্তম ঈশ্বর। আমার পরিকল্পনা তোমাকে ভবিষ্যতের আশা দেবে। আপনি কি ঈশ্বরের উপর আস্থা রাখেন, না কি আপনি নিজের উপর নির্ভর করেন? আপনি যদি আপনার জীবনে ঈশ্বরের আশীর্বাদ চান, তাহলে আপনাকে আপনার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনার সঙ্গে সহযোগিতা করতে হবে। এই কারণে যোষেফ প্রথম বড়দিনে অংশ গ্রহণ করেছিলেন। সুতরাং, যোষেফের মতো, আমাদের জীবনের জন্য আমাদের অবশ্যই ঈশ্বরের পরিকল্পনার সঙ্গে সহযোগিতা করতে হবে।

## ২। রাখালেরা উদযাপন করেছিল!

তখন স্বর্গদূত তাদের বলেছিলেন, **"ভয় কোরো না, আমি তোমাদের কাছে এক মহা আনন্দের সুসমাচার নিয়ে এসেছি - এই আনন্দ হবে সব মানুষেরই জন্য। আজ দাউদের নগরে তোমাদের জন্য এক উদ্ধারকর্তা জন্মগ্রহণ করেছেন, তিনি খ্রীষ্ট প্রভু"** (লূক ২: ১০-১১)।

রাখালেরা সামারিক মইয়ের সব থেকে নীচে অবস্থান করে। রোম সাম্রাজ্যে এবং নতুন নিয়মের সময়



তারা ছিল সমাজচ্যুত। তাদের শরীরে ভেড়ার মতো দুর্গন্ধ, বিবর্ণ এবং বাজে স্যাতস্যাতে গন্ধযুক্ত। রাখালরা আদর্শ অতিথি নয় যে তাদের কোনও জন্মদিনের উৎসবে আমন্ত্রণ করা যায় কারণ তাদের উপস্থিতিতে স্থানটি দুর্গন্ধময় হয়ে যায়। তারা সমাজের সব থেকে কম সম্মানযুক্ত ব্যক্তি। তথাপি সর্বোচ্চ ঈশ্বর তাঁর পুত্রের জন্মদিনে সর্বনিম্ন স্তরের এই রাখালদের আমন্ত্রণ জানিয়েছিলেন। তারা তাদের মেষদের নেকড়ে এবং অন্যান্য হিংস্র জন্তুদের হাত থেকে রক্ষা করার জন্য

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল/ মাধ্যম: হিন্দী

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE (ECHO GROUP)

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd.: 1969

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর
ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর, ২০২২)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

**ডিসেম্বর ১৯ :** আমাদের **সুসমাচার ছাপাখানা** এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজ চালিয়ে যাওয়ার জন্য।

**দিন ২০:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষার জন্য ।

**দিন ২১:** আমাদের সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ২২:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সহ প্রবেশ করতে অনুগ্রহপূর্ণভাবে সাহায্য করার জন্য।

**দিন ২৩:** আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের, নহিমিয় বাইবেল কলেজ, থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের জন্য** কারণ তারা অভাবীদের সেবা করছে।

**দিন ২৪:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য, কোঅর্ডিনেটরদের জন্য এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ২৫:** জগতের ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট আমাদের রক্ষা করার জন্য জন্মেছিলেন।

**দিন ২৬:** করোনা ভাইরাসের প্রকোপ হ্রাস করার জন্য।

**দিন ২৭:** আমাদের কর্মীদের পরিবারগুলির উপর তাঁর আশীর্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৮:** মিশন কর্মীদের মহান অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ২৯:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলি এ বছর মসৃণভাবে কাজ করতে পারার জন্য।

**দিন ৩০:** সারা বছর ঈশ্বরের দাসদের স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

**দিন ৩১:** ২০২২ সালে আমাদের সমস্ত প্রয়োজনগুলি অলৌকিক ভাবে পূরণ করার জন্য।

**জানুয়ারী ০১:** ২০২২ সালে আমাদের সমস্ত পাঠকবর্গ এবং সারা পৃথিবীর লোকদের মধ্যে শান্তি বজায় থাকার জন্য। ২০২৩ এর নববর্ষে পদার্পণ করার জন্যেও।

**দিন ০২:** ঈশ্বর আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলিতে আরও অধিক বিশ্বাসীদের দেওয়ার জন্য।

**দিন ০৩:** ২০২৩ সালের জন্য উত্তম প্রতিজ্ঞাগুলিসহ সমস্ত চার্চগুলিকে এবং বিশ্বাসীদের আশীর্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪: তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার মিডিয়া পরিচর্যার** জন্য ভিডিও ক্যামেরার প্রয়োজন।

**দিন ৫:** আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের এবং নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকমারফৎ থিওলজিকাল পাঠক্রমের** প্রিন্সিপাল, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** সারা পৃথিবীর খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির সুনাম বজায় রাখার জন্য।

**দিন ৭:** সমস্ত পরিবারগুলিতে শান্তি বজায় রাখার জন্য।

**দিন ৮:** পৃথিবীর সমস্ত লোকদের নতুন নতুন রোগ নিবারণের জন্য এবং সুস্বাস্থ্য উপভোগ করার জন্য।

**দিন ৯:** সারা পৃথিবীর লোকদের ব্যক্তিগত উপার্জনের উন্নতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** সমস্ত চার্চগুলির মন্দ শক্তির হাত থেকে স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১১:** বিশ্বের সমস্ত নেতারা যেন স্বর্গীয় প্রজ্ঞায় পূর্ণ হন এবং লোকদের কল্যাণের জন্য কাজ করেন।

**দিন ১২:** সমস্ত চার্চগুলি এবং খ্রীষ্টিয়ান সংস্থাগুলি যেন সরকারী আইনগতভাবে নথিভুক্ত হয়।

**দিন ১৩:** যুবকদের মধ্যে হিংস্রতা এবং হত্যা করার মন্দ মানসিকতা যেন দূরীভূত হয় এবং তারা যেন পবিত্র আত্মায় পূর্ণ হয়।

**দিন ১৪:** দেশগুলির মধ্যে যেন শান্তি থাকে এবং তাদের যেন আর্থিক বিকাশ ঘটে।

**দিন ১৫:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সম্প্রসারণ এবং বিশ্বব্যাপী সুসমাচার প্রচারের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** তাঁর আহ্বানের প্রতিধ্বনির বহুমুখী পরিচর্যাগুলির প্রতি ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ১৭:** খ্রীষ্টানরা যেন ঈশ্বরের বাক্য অনুসরণ করে এবং খ্রীষ্টের মতো চরিত্র লাভ করে।

**দিন ১৮:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর আশীর্বাদের জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

প্রত্যেক রাতে  মেষদের সঙ্গে ঘাসের উপর ঘুমাতো। বাইবেলে বলা হয়েছে মধ্যরাতে স্বর্গদূতকে দেখা গিয়েছিল এবং হঠাৎ আকাশ আলোকিত হয়েছিল এবং স্বর্গদূত রাখালদের বলেছিলেন, “ভয় কোরো না, আমি তোমাদের জন্য মহানন্দের সুসমাচার এনেছি।” প্রত্যেকবার যখনই স্বর্গদূত আবির্ভূত হতেন তিনি এই বলে শুরু করতেন ভীত হয়ো না কারণ স্বর্গদূতের আবির্ভাব মৃত্যুর ভয় আনতো। সমুদয় লোকের জন্য মহানন্দের সুসমাচার বড়দিন কেবল খ্রীষ্টানদের নয়। এটি সমস্ত লোকদের জন্য।

যীশু কেবল নির্দিষ্ট কিছু লোকের জন্য আসেননি এবং মৃত্যুবরণ করেননি, কিন্তু তিনি প্রত্যেক ব্যক্তির জন্য এসেছিলেন। আর তিনি বলেছেন, ‘আজ দাউদের নগরে তোমাদের জন্য এক উদ্ধারকর্তা জন্মগ্রহণ করেছেন,তিনি খ্রীষ্ট প্রভু। **রাখালেরা দ্রুত বেথলেহেমে গিয়েছিল। আমরাপাঠ করি, আর তারা দ্রুত এসেছিল এবং মরিয়ম,যোষেফ ও জাবপাত্রে শায়িত শিশুটিকে দেখতে পেয়েছিল। তারা শিশুটিকে দর্শন করার পর তাঁর সম্পর্কে যে কথা বলা হয়েছিল, সেই কথা চারদিকে ছড়িয়ে দিল। যারা মেষপালকদের এই কথা শুনল, তারা সবাই হতচকিত হল”** (লূক ২:১৬-১৮)।

রাখালেরা দ্রুত বেথলেহেমে গিয়েছিল এবং তারা যোষেফ,এবং শিশুটিকে জাবপাত্রে শায়িত দেখেছিল। তাঁকে দেখার পর, তারা ঈশ্বরের প্রশংসা গান এবং ঈশ্বরের ধন্যবাদ করতে করতে মাঠে ফিরে এসেছিল। তারা আনন্দে পার্টি করেছিল। তারা প্রশংসা গীত করেছিল, তারা স্বর্গদূতের কথামতো যা কিছু দেখেছিল এবং শুনেছিল সেই সমস্ত কিছুর জন্য তারা ঈশ্বরের ধন্যবাদ করছিল। তারা উদযাপন করছিল। যোষেফকে সহযোগিতা করতে হয়েছিল কিন্তু রাখালরা উদযাপন করেছিল। তারা পার্টির আয়োজন করেছিল। বড়দিন একটি উৎসব, এটি একটি মৃতের অন্ত্যেষ্টি ক্রিয়া নয়। এই কারণেই আমরা বলি শুভ বড়দিন।

খ্রীষ্টের জন্মদিন হচ্ছে সুসমাচারের মহা আনন্দের দিন যা সমস্ত মানুষদের জন্য। কারণ আজ আপনার জন্য দাউদ নগরে এক ত্রাণকর্তা জন্ম গ্রহণ করেছেন তিনি খ্রীষ্ট প্রভু। এটি সব থেকে উত্তম সংবাদ। আপনার পাপ ক্ষমা হতে পারে। আপনি জীবনের উদ্দেশ্য লাভ করতে পারেন। বড়দিনের জন্য আপনি স্বর্গে একটি স্থান লাভ করতে পারেন। এটি হচ্ছে একটি আনন্দপূর্ণ অনুষ্ঠান। এখন এর দ্বিতীয় বিষয়টি লক্ষ করা প্রয়োজন। আপনি যদি আশীবর্বাদযুক্ত হতে চান, তাহলে আপনাকে অবশ্যই রাখালদের মতো উদযাপন করতে হবে। কারণ ঈশ্বর আমাদের সহবর্তী।  এটি দেখা একটি ভয়ঙ্কর বিষয় যে  বড়দিনে লোকেরা অন্য সমস্ত কিছু উদযাপনকরে। সমস্ত রকমের ক্রিসমাস পার্টির আয়োজন করা হবে এবং যীশুকে একবারও উল্লেখ করা হবে না। কিন্তু বড়দিনের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে ঈশ্বর আমাদের সহবর্তী। তিনি এই পৃথিবীতে এসেছেন, আমরা এই বিশ্বব্রাহ্মাণ্ডে একা নই। আমাদের জীবনের জন্য তাঁর পরিকল্পনা এবং একটি উদ্দেশ্য আছে। তিনি আমাদের ভালোবাসেন এবং তিনি আমাদের ক্ষমা করেন এবং আমাদের জীবনের জন্য তাঁর একটি পরিকল্পনা আছে।

রাখালরা কেবল উদযাপন করেনি কিন্তু তারা এই সুসমাচারটি লোকদের জানিয়েছিল। বলা হয়েছে যে তারা সকলের কাছে এই সুসমাচারটি সহভাগিতা করেছিল। কতদিন আগে আপনি শেষবার কারও কাছে সুসমাচারটি বলেছিলেন?  আপনি কি পৃথিবীর কারও কাছে কখনও এই সব থেকে উত্তম সংবাদটি বলেছিলেন? আমাদের পাপের ক্ষমা আছে, আমাদের জীবনের জন্য একটি  উদ্দেশ্য আছে এবং স্বর্গে একটি স্থান আছে। যারা বিশ্বাস করে এবং যীশুকে গ্রহণ করে তাদের প্রত্যেকের কাছে এটি সুপ্রাপ্য। বন্ধুগণ আপনি কি সুসমাচারটি সহভাগিতা করেছেন? শাস্ত্রে বলা হয়েছে যে রাখালদের সঙ্গে যাদের দেখা হয়েছিল তাদের সকলকে তারা এই সুসমাচারটি বলেছিল। সুতরাং তারা উদযাপন করেছিল এবং যোষেফ সহযোগিতা করেছিলেন। রাখালদের মতো,উদযাপন করুন যে আমাদের সঙ্গে ঈশ্বর আছেন এবং অন্যদের কাছে পরিত্রাণের সুসমাচারটি সহভাগিতা করুন।

## ৩। মরিয়ম গভীরভাবে চিন্তা করেছিলেন!

**তারা শিশুটিকে দর্শন করার পর তাঁর সম্পর্কে যে কথা বলা হয়েছিল, সেই কথা চারদিকে ছড়িয়ে দিল। যারা মেষপালকদের এই কথা শুনল, তারা সবাই হতচকিত হল। কিন্তু মরিয়ম এসব বিষয় তাঁর হৃদয়ে সঞ্চয় করে রাখলেন, আর এ নিয়ে চিন্তা করে গেলেন।”** (লূক ২:১৭-১৯)।

মরিয়মের বয়েস তখন প্রায় ১৩ বছর হবে কিন্তু যোষেফের সঙ্গে তাঁর বিবাহের আগেই তিনি গর্ভবতী হয়েছিলেন। তাঁর সঙ্গে যোষেফের কেবল বাগ্‌দান সম্পন্ন হয়েছিল। তিনি ঈশ্বরের পুত্রকে গর্ভে ধারণ করেছিলেন। কেউ একথা বিশ্বাস করবে না। কিন্তু মরিয়ম আতঙ্কি ত হননি। তাঁর আতঙ্কিত না হওয়ার কারণ ছিল তিনি তাঁর প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞাগুলির বিষয় চিন্তা করছিলেন। আর যোষেফ যখন তাঁর সঙ্গে সহযোগিতা করেছিলেন, এবং রাখালেরা উদ্‌যাপন করেছিল, তখন মরিয়ম গভীরভাবে চিন্তা করছিলেন। তিনি ঈশ্বরের বাক্য



সম্পর্কে চিন্তা করছিলেন। “তারপর যা কিছু ঘটেছিল এবং স্বর্গদূত তাদের শিশুটির সম্পর্কে যা কিছু বলেছিলেন সেই সকল বিষয় রাখালেরা প্রত্যেক লোকদের বলেছিল। যারা রাখালদের কথা শুলেছিল তারা সকলে অবাক হয়েছিল, কিন্তু মরিয়ম যা কিছু শুনেছিলেন তা তিনি মূল্যবান রত্নের মতো সঞ্চয় করে রেখেছিলেন এবং তিনি অবিরত সেই বিষয়গুলি তার অন্তরে গভীরভাবে চিন্তা করেছিলেন। ” সমস্ত যুবতী মহিলাদের মধ্যে থেকে ঈশ্বর তাঁর পুত্রের মা হওয়ার জন্য মরিয়মকে আশীবর্বাদ করার জন্য বেছে নিয়েছিলেন, কারণ তিনি ঈশ্বরের বাক্যে মনোযোগ দিয়েছিলেন। ঈশ্বর যখন কথা বলেছিলেন, তিনি মনোযোগ দিয়ে শুনেছিলেন। তিনি যে কেবল শুনেছিলেন এমন নয়, তিনি গভীরভাবে চিন্তা করেছিলেন এবং ধ্যান করেছিলেন। স্বর্গদূতেরা যা বলেছিলেন তা সকলে শুনেছিল এবং আশ্চর্য হয়েছিল, কিন্তু মরিয়ম গভীরভাবে চিন্তা করেছিলেন। অনেক পার্থক্য, বন্ধুগণ। আপনি যদি জগতের ব্যক্তি হন, তাহলে আপনার আশীবর্বাদ লাভের কোনও সুযোগ নেই কারণ আপনি বাক্য নিয়ে চিন্তা করেন না, আপনি জগতের কথা চিন্তা করেন, জাগতিক বিষয়গুলি সম্পর্কে চিন্তা করেন।

আপনি যদি মরিয়মের মতো আশীবর্বাদ লাভ করতে চান, তাহলে আপনাকে অবিরত ঈশ্বরের বাক্য নিয়ে চিন্তা এবং ধ্যান করতে হবে। বাইবেলে বলা হয়েছে যে ঈশ্বর তাঁর অন্তরে যা কিছু বলেছিলেন  তিনি নীরবে গভীরভাবে সেই বিষয়গুলি চিন্তা করছিলেন। তিনি অবিরত ঈশ্বরের বাক্য নিয়ে গভীরভাবে চিন্তা করছিলেন। এখন, এটি কেবল মহিলাদের জন্য একটি প্রতিজ্ঞা নয়। যারা বাক্য ভালোবাসেন এবং শেখেন তাদের সকলের জন্য এটি একটি প্রতিজ্ঞা। **“কিন্তু যে নিখুঁত বিধানের প্রতি আগ্রহভরে দৃষ্টি দেয়, যা স্বাধীনতা প্রদান করে ও যা শুনেছে তা ভুলে না গিয়ে নিরন্তর তা পালন করতে থাকে, সে সব কাজেই আশীর্ব্বাদ ধন্য হবে”** (যাকোব ১:২৫)।

আপনি যদি যত্নের সঙ্গে ঈশ্বরের সিদ্ধ বাক্য অধ্যয়ন করেন যা আপনাকে স্বাধীন করে, তাহলে সত্য আপনাকে মুক্ত করবে। এখানে যা বলা হয়েছে তা যদি আপনি করেন তাহলে আপনি আশীবর্বাদযুক্ত হবেন। ঘরে অথবা কাজের সময় আপনার ডেস্কের মধ্যে বাইবেল রেখে দিলে, আপনি ঈশ্বরের দ্বারা আশীবর্বাদযুক্ত হতে পারবেন না, কিন্তু কেবল বাইবেল পাঠ, অধ্যয়ন, মুখস্থ, ধ্যান, চিন্তা, গভীরভাবে বিবেচনা, প্রয়োগ, এবং বাইবেলে যা বলা হয়েছে তা করার মাধ্যমে আপনি আশীবর্বাদ লাভ করতে পারবেন। আপনি যদি অধ্যবসায়ের সঙ্গে এটা অনুসরণ করেন, তাহলে আপনি আশীবর্বাদ পাবেন।

এই বিধানপুস্তক যেন আপনার মুখ থেকে প্রস্থান না করে, কিন্তু দিন এবং রাত আপনি এটি ধ্যান করুন, যাতে আপনি এর মধ্যে যা কিছু লেখা আছে সেই অনুসারে সমস্ত কিছু পালন করতে পারেন। তাহলেই আপনি আপনার পথ সমৃদ্ধ করবেন, এবং তাহলেই আপনি ভালো সাফল্য পাবেন। যিহোশূয় ১:৮। সেই কারণে এখানে বলা হয়েছে স্মরণ করো, অধ্যয়ন করো, ধ্যান করো এবং বাক্যের বাধ্য হও। তাহলেই আপনি সমৃদ্ধ হবেন এবং সফল হবেন। এটাই ঈশ্বরের প্রতিজ্ঞা। ঈশ্বর মানুষ নন যে তিনি মিথ্যা বলবেন।

আপনি যত অধিক ঈশ্বরের বাক্য অনুসরণ করেন, তত অধিক ঈশ্বর আপনার জীবনে সাফল্য আনতে পারেন। তিনি বলেছেন্ যে আপনি যদি চান, পবিত্র শাস্ত্রে সমৃদ্ধি এবং সাফল্যের এটাই একমাত্র প্রতিজ্ঞা। এটি মনে মনে বিবেচনা করা, গভীরভাবে চিন্তা করা, এবং ঈশ্বরের বাক্য অনুসারে কাজ করার জন্য বেঁধে রাখুন।

## ৪। পণ্ডিতেরা পবিত্রকৃত হয়েছিলেন!

"গৃহ-অভ্যন্তরে এসে তাঁরা শিশুটিকে তাঁর মা মরিয়মের সঙ্গে দেখতে পেলেন। তাঁরা সকলে ঘরের মধ্যে প্রবেশ করে শিশুটির উপাসনা করলেন। তারপর তাঁরা তাঁদের রত্নপেটিকা খুলে তাঁকে স্বর্ণ, কুন্দুরু ও গন্ধরস উপহার দিলেন" (মথি ২:১১)। পণ্ডিতেরা বাবিল সাম্রাজ্যের অথবা পারস্য সাম্রাজ্যের ইরাক অথবা ইরান থেকে আগত রাজার উপদেষ্টা এবং জ্যোতির্বিদের মতো ছিলেন। দানিয়েলকে একজন জ্ঞানী ব্যক্তি বা পণ্ডিত হওয়ার প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। প্রাচ্যের এই পণ্ডিতেরা গ্রহের সব থেকে শিক্ষিত ব্যক্তি ছিলেন। তাঁরা ছিলেন বৈজ্ঞানিক, বিদ্বান ব্যক্তি। তাঁরা জ্যোতির্বিদ্যা, স্বাস্থ্য, ভাষা এবং সাহিত্যে বিশেষজ্ঞ ছিলেন। তারা সেই সময় গ্রহের সব থেকে পণ্ডিত, সব থেকে শিক্ষিত লোক ছিলেন। এখন, এই লোকেরা রাখালদের থেকে সম্পূর্ণ বিপরীত ছিলেন। এই লোকেরা সুদূর প্রাচ্য থেকে বেথলেহেমে এসেছিলেন।

এখন ইরাক, ইরান, পারসিয়া অথবা বাবিলন থেকে বেথলেহেমে যাত্রা করার জন্য অনেক টাকার প্রয়োজন ছিল। কিন্তু তারা ধনী ছিলেন এবং তাদের কাছে অনেক সময় ছিল। কিন্তু তারা এটা করেছিলেন কারণ এটি ছিল একটি প্রাজ্ঞতা সংক্রান্ত বিষয়ের পশ্চাতে ধাবিত হওয়ার বিষয়। তাঁরা আকাশে একটি তারা দেখেছিলেন। আর তাঁরা পবিত্র শাস্ত্রগুলি অধ্যয়ন করেছিলেন এবং তাদের পাণ্ডুলিপিগুলি, তাদের ঐতিহ্যগুলি অধ্যয়ন করেছিলেন: এটি হচ্ছে বেথলেহেমে জগতের ত্রাণকর্তার জন্মের একটি চিহ্ন। সুতরাং সময় এবং টাকার মহামূল্য খরচ করে তারা বেথলেহেমের উদ্দেশে যাত্রা করেছিলেন। তারা সত্যের অন্বেষণ করছিলেন, তারা ঈশ্বরের অন্বেষণ করছিলেন যা করা সব সময় প্রজ্ঞার বিষয়।

প্রিয় বন্ধুগণ, আপনারা কি সত্যের অন্বেষণ করছেন? যদি তাই হয় যীশুর কাছে আসুন। তিনি আপনাকে গ্রহণ করতে প্রস্তুত। যীশুর কাছে আসার জন্য আপনাকে বিশেষ কিছু করতে হবে না; আপনি যেমন আছেন সেই ভাবেই আসুন। পণ্ডিতেরা সর্বদা যীশুর অন্বেষণ করেন। কেবল মূর্খরা তাঁর অন্বেষণ করে না। মূর্খরা অপ্রস্তুত জীবনের মধ্যে দিয়ে যায় এবং মৃত্যু নামক অনিবার্য পরিণতির সম্মুখীন হয়।

*(ক্রমশঃ, ৯ পাতায়)*

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

## TAX EXEMPTION

*to donations received for Educational and Medical Aid for under-privileged*

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর দুর্বলদের প্রার্থনার উত্তর দেন।

**GOD ANSWERS THE PRAYER OF THE WEAK!**

ঈশ্বরের অনুগ্রহে আমি ১০.০৮.১৯৬৯ সাল থেকে আমি পরিচর্যা সংক্রান্ত প্রশিক্ষণ, ট্রাক্টস বিতরণ, প্রার্থনা সভা পরিচালনা এবং বিভিন্ন চার্চে বাক্য প্রচার সহ আমার সুসমাচার পরিচর্যা কাজ শুরু করেছিলাম।

খুব কম সংখ্যক লোক আমাকে ঈশ্বরের দাস হিসাবে জানতো, কারণ আমার বয়েস অনেক কম ছিল এবং আমি এই ক্ষেত্রে নতুন ছিলাম। এছাড়াও পরিচর্যা



চালিয়ে নিয়ে যাওয়ার বিষয় আমার কাছে আর্থিক বিষয়টি মহাবাধা স্বরূপ ছিল। সেই কারণে আমাকে প্রতিদিন অনেক মাইল পথ হাঁটতে হতো এবং আমার পরিচর্যা কাজ চালিয়ে যেতে হতো। সেই কারণে দীর্ঘ পথ হাঁটা এবং অভুক্ত থাকা আমার পরিচর্যার একটি অংশ ছিল। পরিচর্যা কাজের জন্য এবং প্রয়োজনীয় জিনিসপত্র কেনার জন্য বিপুল অর্থের প্রয়োজন ছিল।

শুরু থেকে আমার দৃঢ় প্রত্যয় ছিল যে আমি আমার বন্ধু বান্ধব এবং আত্মিয়দের কাছ থেকে কোনও রকম সাহায্যের জন্য আবেদন করবো না। কারণ ঈশ্বর তাঁর কাজের জন্য সব কিছু জুগিয়ে দেবেন যেহেতু তিনি আমাকে আহ্বান করেছেন। আজ পর্যন্ত ঈশ্বর আমাকে এই নীতিতে অটল থাকতে সাহায্য করেছেন। এই নীতি অনুসরণ করার জন্য আমাকে প্রচণ্ড কষ্ট এবং বিভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলা করতে হয়েছে।

আমি এমন পরিস্থিতির সম্মুখীন হয়েছিলাম যে বিশেষ কিছু বিষয় আমি সামলাতে পারছিলাম না। আমার এক আত্মীয় মি. স্বর্ণরাজ, আমাকে পরিবহন বিভাগে একটি সরকারী চাকরী দেওয়ার চেষ্টা করেছিলেন; এবং পালাপাল্লামের ঈশ্বরের দাস কালেব, ম্যাথিকোব এবং আমার এক বন্ধু আমাকে প্রাইভেট ফার্মে চাকরী দেবার চেষ্টা করেছিলেন; তাদের উভয়ের প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল।



এই ধরণের পরিস্থিতিতে, আমি যখন ১৭.০৫.১৯৭১ তারিখে উপবাস করছিলাম তখন প্রভুর আত্মা আমাকে একটি স্থায়ী চাকরী পাওয়ার জন্য প্রার্থনা করার বিষয় পরিচালিত করেছিল। প্রার্থনার ফল হিসাবে, আমি বাক্যসহ একটি দৃঢ় প্রত্যয় লাভ করেছিলাম, "এক মাসের মধ্যে আমি তোমাকে একটি স্থায়ী চাকরী দেব এবং সেই চাকরী করে তুমি জীবনযাপন করতে পারবে"। **"ঈশ্বরের কাছে আসার জন্য আমরা এই প্রত্যয় লাভ করেছি যে, আমরা যদি তাঁর ইচ্ছানুসারে কিছু প্রার্থনা করি, তিনি আমাদের প্রার্থনা শ্রবণ করেন। আর আমরা যদি জানি যে, আমরা যে কিছুই প্রার্থনা করি, তা তিনি শোনেন, তাহলে আমরা এও জানব যে, তাঁর কাছে প্রার্থিত সবকিছুই আমরা পেয়েছি"** (১ যোহন ৫:১৪-১৫)।

আমি একটি নতুন চাকরী পেয়েছি এটা বিশ্বাস করে, আমি এ বিষয়ে সমস্ত রকমভাবে প্রস্তুতি শুরু করেছিলাম। যারা আমার এই কার্যকলাপ দেখেছিল তারা সকলে আমার মানসিক অবস্থা সম্পর্কে সন্দেহ শুরু করেছিল। কিন্তু তাদের বিষয়গুলি তোয়াক্কা না করে আমি সম্পূর্ণরূপে ঈশ্বরে বিশ্বাস করেছিলাম।

যত দিনগুলি অতিবাহিত হচ্ছিল, আমি প্রতিদিন আগ্রহের সঙ্গে পিওনের আসার অপেক্ষা করছিলাম, ঠিক ১৮.০৬.১৯৭১ তারিখে আমি প্রভুতে বিশ্বাসে ডাকঘরে গিয়েছিলাম। পিওন মি. নেল্লাইয়াপ্পান



আমাকে দেখার সঙ্গে সঙ্গে মাথা নেড়ে বলেছিলেন আমার কোনও চিঠি আসেনি। তথাপি আমি ঈশ্বরের প্রতিজ্ঞা আঁকড়ে ধরেছিলাম, আমি সেখানে বসেছিলাম এবং প্রার্থনা করছিলাম। আমাকে অবাক করে কয়েক মিনিটের মধ্যে, সেই একই পিওন বলেছিলেন, "স্যাম, তোমার একটি রেজিস্টার পোস্ট আছে, স্বাক্ষর করো এবং এটা সংগ্রহ করো।"

চিঠিটা খুলে, আমি দেখেছিলাম যে এটা ছিল চেন্নাইয়ের টিএনপিএসসি অফিসের শ্রম বিভাগে যোগদান করার একটি নিয়োগপত্র। কয়েক বছর আগে আমি একটি চাকরীর পরীক্ষায় লিখেছিলাম, এটি তার ফল। এটি আমার অবিরত প্রার্থনায় দ্রুত হয়েছিল এবং একটি অলৌকিক ঘটনা ঘটেছিল। হ্যাঁ, প্রার্থনা হচ্ছে একটি অপূর্ব আত্মিক অস্ত্র।



আমি চেন্নাইয়ে আনন্দের সঙ্গে এসেছিলাম এবং চাকরীতে যোগদান করেছিলাম। আমার বেতনের অধিকাংশটাই আমি আমার পরিচর্যার কাজে



সরকারী চাকরী ছাড়ার সময় আমার সহকর্মীরা, ১৯৯৪







মিস্টার এ সেনবাগাম,বি.ই. কর্তৃক ফেয়ারওয়েল

১৯৯৪ সালে সরকারী চাকরী ছাড়ার সময় আমার সহকর্মীদের সঙ্গে আমাদের কারখানার চীফ ইনস্পেকটার

বিনিয়োগ করেছিলাম। পরে, ১৯৯৪ সালে, প্রভু আমাকে সরকারী চাকরী ছেড়ে পূর্ণ সময়ের জন্য পরিচর্যা কাজ করার আদেশ দিয়েছিলেন এবং আমি তাঁর আহ্বানে সাড়া দিয়েছিলাম এবং পূর্ণ সময়ের জন্য পরিচর্যা কাজে যোগদান করেছিলাম।

আমাদের ঈশ্বর উত্তম! তিনি আত্মিক! তাঁকে দৃঢ়রূপে ধরে থাকুন!! আপনি সাফল্য লাভ করবেন!!! তিনি গভীরভাবে আপনার প্রতি নজর রেখেছেন।

**"তাকে তুমি পূর্ণ শান্তিতেই রাখবে, যার মন সুস্থির, কারণ সে তোমার উপরে নির্ভর করে"** (যিশাইয় ২৬:৩)।

*(ক্রমশঃ ৭ম পৃষ্ঠার পর থেকে)*

পণ্ডি তেরা যখন তাঁর মা মরিয়মের সঙ্গে শিশুটিকে দেখেছিলেন, তাঁরা অবনত হয়েছিলেন এবং তাঁর আরাধনা করেছিলেন। তারপর তাঁরা তাঁদের রত্নপেটিকা খুলে তাঁকে স্বর্ণ, কুন্দুরু ও গন্ধরস উপহার দিয়েছিলেন। মথি ২:১১ পদ।

এখানে লক্ষ করুন তাঁরা মরিয়মের কাছে অবনত হননি এবং তাঁর আরাধনা করেননি। তিনি সেখানেই ছিলেন। তাঁরা যীশুর কাছে অবনত হয়েছিলেন এবং তাঁর আরাধনা করেছিলেন। তারপর তাঁরা তাদের রত্নপেটিকা খুলেছিলেন এবং তাঁকে স্বর্ণ, কুন্দুরু এবং গন্ধরস উপহার দিয়েছিলেন। এই তিনটি উপহারের প্রত্যেকটি ছিল যীশু তাঁর জীবনে, মৃত্যু এবং পুনরুত্থানে যা করবেন তার প্রতীক চিহ্ন। আর স্বপ্নে সতর্ক হয়ে তাঁরা অন্য পথ দিয়ে তাদের ঘরে ফিরে গিয়েছিলেন। আপনি যখনই যীশুর সঙ্গে থাকবেন, এটি আপনার দিক পরিবর্তিত করবে, এটি আপনার চলার পথ পরিবর্তিত করবে। এটি আপনার কাজের ধারা পরিবর্তিত করবে। ঈশ্বরের থেকে বড় কেউ আমাদের জীবনে থাকতে পারে না এবং আমাদের পরিবর্তিত করতে পারে না। আপনি যদি মনে করেন যে ঈশ্বরকে পেয়েছেন এবং এটি আপনাকে পরিবর্তিত করেছে, তাহলে আপনি অন্য কিছু হতে পারেন কিন্তু আপনি ঈশ্বর হতে পারেন না। যেহেতু ঈশ্বর এত বড়, সেহেতু আপনাকে পরিবর্তিত না করে তিনি আপনার জীবনে আসতে পারেন না।

এই পণ্ডিতদের যীশুর কাছে আসার জন্য অনেক মূল্য দিতে হয়েছিল। কিন্তু তাঁরা যখন তাঁকে দেখেছিলেন, তাঁরা তাঁর আরাধনা করেছিলেন। আর এখানেই আমাদের চতুর্থ শিক্ষাটি আছে, আপনি যদি আশীর্ব্বাদ ধন্য হতে চান, তাহলে আপনাকে পণ্ডিতদের মতো হতে হবে এবং এর অর্থ হচ্ছে আপনাকে আপনার সময় এবং উপহারগুলি যীশুকে দিতে হবে। আপনি আপনার জীবনে যা কিছু লাভ করেছেন তা যে কোনও ভাবে তিনি আপনাকে দিয়েছেন। ঈশ্বর ছাড়া আপনি কোনও কিছু লাভ করতে পারেন না। এটি হচ্ছে তিনি আপনাকে যা দিয়েছিলেন তা তাঁর কাছে ফিরিয়ে দেওয়া এবং তারপর তিনি এটি গ্রহণ করেন এবং বহুগুণ বৃদ্ধি করেন এবং আপনাকে ফিরিয়ে দেন। ঈশ্বরের কাছে নিজেকে জীবন্ত বলিরূপে দিন, তাঁর সেবায় নিজেকে উৎসর্গ করুন এবং তাঁকে সন্তুষ্ট করুন। **" অতএব, ভাইবোনেরা, ঈশ্বরের বহুবিধ করুণার পরিপ্রেক্ষিতে, আমি তোমাদের কাছে মিনতি করছি, তোমরা তোমাদের শরীরকে জীবন্ত বলিরূপে, পবিত্র ও ঈশ্বরের গ্রহণযোগ্যরূপে উৎসর্গ করো - তাই হবে তোমাদের যুক্তসঙ্গত আরাধনা"** (রোমীয় ১২:১)। সুতরাং আসুন আমরা যীশুর কাছে আমাদের সময় উৎসর্গ করি এবং আমাদের জীবন উৎসর্গ করি এবং আমাদের উপহারগুলি উৎসর্গ করি।

**"তোমাদের শরীরের অঙ্গপ্রত্যঙ্গকে দুষ্টতার উপকরণরূপে পাপের কাছে সমর্পণ কোরো না, বরং মৃত্যু থেকে জীবনে উত্তরিত মানুষদের মতো নিজেদের ঈশ্বরের কাছে সমর্পণ করো এবং তাঁর কাছে তোমাদের শরীরের অঙ্গপ্রত্যঙ্গগুলি ধার্মিকতার উপকরণরূপে সমর্পণ করো"** (রোমীয় ৬:১৩)। এর থেকে সুবিবেচনা আর কিছু হতে পারে না। এমন কোনও কিছুর মধ্যে নিজেকে দেবেন না যা স্থায়ী হয় না। এমন কিছুর মধ্যে নিজেকে দিন যা স্থায়ী হবে। তাঁর উত্তম উদ্দেশ্যের জন্য ব্যবহৃত হওয়ার হাতিয়ার হওয়ার জন্য ঈশ্বরের কাছে নিজের সত্তার সমস্ত অংশ সম্পূর্ণরূপে দিন।

## আপনি যীশুকে কি দেবেন?

এই বড়দিনে আপনি অন্যদের দেওয়ার জন্য অনেক সময় এবং চিন্তা এবং টাকা খরচ করতে যাচ্ছেন। বড়দিনে আপনি যীশুকে কী দেবেন? আপনি এমন একটি জন্মদিনের পার্টির চিন্তা করতে পারেন না যেখানে যে বালকটির জন্মদিন তাকে কিছু না দিয়ে আপনারা পরস্পরকে উপহার দেবেন। এ বছর বড়দিনে আপনি যীশুকে সব থেকে গুরুত্বপূর্ণ যে উপহারটি দিতে পারেন তা হচ্ছে আপনি নিজেকে সম্পূর্ণরূপে যীশুকে দিতে পারেন। সব থেকে উত্তম উপহার হচ্ছে আপনি আপনার সম্পূর্ণ ভালোবাসা, আস্থা এবং মনোযোগ যীশুকে দিতে পারেন। তিনি যে কোনও উপহার আনন্দের সঙ্গে গ্রহণ করবেন।

পণ্ডিতেরা বড়দিনে উপহার দানের প্রথাটি চালু করেছিলেন। তাঁরা যীশুর জন্য উপহার এনেছিলেন। আর এখন আমরা পরস্পরকে উপহার দিই। কিন্তু এই সমস্ত উপহার-দানের বিষয়টি এসেছিল কারণ ঈশ্বর জগতকে এমন প্রেম করেছিলেন যে তাঁর একজাত পুত্রকে দান করেছিলেন যেন যে কেউ তাঁকে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়। ঈশ্বর প্রথম বড়দিনের উপহার দিয়েছিলেন।

**এখন এই চারটি বিষয় হলো, যোষেফ সহযোগিতা করেছিলেন এবং রাখালেরা উদযাপন করেছিলেন এবং মরিয়ম বাক্যগুলি গভীরভাবে চিন্তা করেছিলেন এবং পণ্ডিতেরা তাদের উপহারগুলি পবিত্র করেছিলেন। বন্ধুগণ, আপনাকে কী করতে হবে সেই বিষয় সিদ্ধান্ত নিন এবং ঈশ্বর কর্তৃক আশীর্ব্বাদ ধন্য হন এবং নিজে আশীর্ব্বাদ হন!**

************

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

বিনামূল্যে মাসিক পত্রিকা
**আহ্বানের প্রতিধ্বনি**
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :
**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** DECEMBER 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**